F:\Exam 2021\Viva Date for Exam.- 2021.docx

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর

প্রফেসর মোঃ শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

সূত্র নং ঃ জাতীঃবিঃ/পনি/মাপি/২০২১/২০২৪/ ৮২২

তারিখঃ ০৩/১২/২০২৪

# বিজ্ঞপ্তি

বিষয় ঃ <u>২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণ প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স সকল বিষয়ের মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা আগামী ১২/১২/২০২৪ তারিখ থেকে ১২/০১/২০২৫ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরীক্ষা গ্রহণ ও অন লাইনে নম্বর প্রেরণ সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেওয়া হলোঃ

০১)জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nubd.info/mp)কলেজের পরীক্ষার্থীদের তালিকা (হাজিরা ফর্দ) দেওয়া হবে। পরীক্ষার্থীদের তালিকা Print Out নিয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে।

০২) মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা গ্রহণ করে Printed তালিকায় সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর পরীক্ষক কর্তৃক হাতে লিপিবদ্ধ করে প্রতি পৃষ্ঠায় নির্ধারিত স্থানে অন্তঃপরীক্ষক ও বহিঃপরীক্ষক কর্তৃক স্বাক্ষর করে মূল ম্যানুয়েল কপি প্রস্তুত করতে হবে। মূল ম্যানুয়েল কপি থেকে অন-লাইনে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর নিম্নোক্তভাবে মূল ম্যানুয়েল কপি ও প্রিন্ট কপি প্রেরণ ও সংরক্ষণ করতে হবে-

ক) <u>মূল ম্যানুয়েল কপি, এন্ট্রিকৃত নম্বরের প্রিন্ট কপি (এক কপি) এবং হাজিরাপত্র একটি খামে ভরে সীলগালা করে জনাব মোঃ মোস্তাক আহমদ, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ বরাবর হাতে হাতে বা ডাকযোগে প্রেরণ করতে হবে।</u>

খ) <u>মূল ম্যানুয়েল কপির ফটোকপি (এক কপি) এবং এন্ট্রিকৃত প্রিন্টকপির ফটোকপি (এক কপি) সীলগালা করে সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় প্রধান সংরক্ষণ করবেন।</u>

গ) <u>নম্বর এন্ট্রি করে প্রেরণের পর কোন ভুল-ভ্রান্তি পরিলক্ষিত হলে বা কারো নম্বর ভুলে প্রেরণ না করা হলে তাৎক্ষণিক আবেদনের মাধ্যমে সংশোধনী নম্বর নিম্নস্বাক্ষরকারী বরাবরে জানাতে হবে। ফলাফল প্রকাশের পর ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার নম্বর সংশোধন বা সংযোজনের কোন সুযোগ নাই।</u>

০৩) <u>উল্লেখ্য ফলাফল প্রকাশের পর মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার অন-লাইনে এন্ট্রিকৃত নম্বরের কোন প্রকার সংশোধন ও সংযোজন কোনভাবেই গ্রহণ করা হবে না। নম্বর প্রেরণের পূর্বে নম্বরপত্র বার বার যাচাই করে নেওয়ার জন্য অনুরোধ করা হল।</u> নম্বর এন্ট্রি দেয়ার সময় সতর্কতা অবলম্বনসহ কলেজের পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষা করতে হবে। অন-লাইনে নম্বরসমূহ এন্ট্রি করার জন্য ওয়েব সাইটের নির্দেশনা অনুসরণ করতে হবে এবং প্রয়োজনে কলেজ কোড ও কলেজের নাম উল্লেখ পূর্বক ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

০৪) কোন কলেজের শিক্ষার্থী নিজ কলেজের পরিবর্তে অন্য কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে ঐ কলেজের শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ শেষে নম্বর ফর্দ সীলগালা করে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। অধ্যক্ষ মহোদয় তাঁর পাসওয়ার্ড ব্যবহার করে নম্বর অন-লাইনে প্রেরণ করবেন।

<u>২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা ১২/১২/২০২৪ থেকে ১২/০১/২০২৫ পর্যন্ত নির্ধারিত তারিখের মধ্যেই সম্পন্ন করতে হবে। নির্ধারিত বহিঃপরীক্ষকের সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করে নেওয়ার জন্য অনুরোধ করা হলো। কোন কারণে বহিঃপরীক্ষক পরীক্ষা গ্রহণে অসম্মতি জানালে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে নতুন বহিঃপরীক্ষকের নাম নিতে হবে। কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা ব্যতিরেকে বহিঃপরীক্ষক নিয়োগ করা যাবে না।</u>

০৩/১২/২৪

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন ঃ ৯২৯১০১৭
ইমেইল ঃcontroller@nu.ac.bd
ওয়েব সাইট ঃwww.nu.ac.bd

মোস্তাক আহমদ
০৩/১২/২৪

F:\Exam 2021\Viva Date for Exam.- 2021.docx

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
### পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
### গাজীপুর

সূত্র নং ঃ জাতীঃবিঃ/পনি/মাপি/২০২১/২০২৪/ ৬২৭ (ক)

তারিখ ঃ ০২/১২/২০২৪

**বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা আগামী ১২/১২/২০২৪ তারিখ থেকে ১২/০১/২০২৫ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা গ্রহণপূর্বক নম্বরপত্র ও পরীক্ষকগণের বিল Online-এ এবং ম্যানুয়াল কপি সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| |
|---|
| জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষা বিষয়ক<br>ওয়েবসাইট ঃ www.nubd.info/mp |

**মৌখিক/ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণের নিয়মাবলী**

১। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার বহিঃপরীক্ষকের নাম কলেজ লগ-ইন/এস.এম.এস-এর মাধ্যমে সংশ্লিষ্ট কলেজ এবং বহিঃপরীক্ষককে জানানো হবে। ম্যাসেজ না পেলে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখায় যোগাযোগ করে বহিঃপীক্ষকের নাম জেনে নিতে হবে।

২। বহিঃপরীক্ষকের সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করে নিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যেই পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৩। বহিঃপরীক্ষক অপারগতা প্রকাশ করলে সংশ্লিষ্ট শাখায় ফোন নম্বরে যোগাযোগ করে বহিঃপরীক্ষকের নাম পরিবর্তন করে নিতে হবে। কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে বহিঃপরীক্ষক নিয়োগ এবং পরীক্ষা গ্রহণ করা যাবে না।

৪। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের কলেজভিত্তিক নম্বরপত্র এবং হাজিরাপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/mp) থেকে Print নিতে হবে। পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করে বহিঃপরীক্ষক ও অন্তঃপরীক্ষক নম্বরফর্দে পরীক্ষার্থীদের নাম, রোল এবং রেজিঃ নম্বর যাচাই করে তার বিপরীত প্রাপ্ত নম্বর প্রদান করবেন। একই সাথে হাজিরাফর্দে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করবেন।উল্লেখ্য মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার নম্বর ফর্দ অবশ্যই কালো বলপেন দিয়ে লিখতে হবে।

৫। সকল পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ শেষে বহিঃপরীক্ষকের উপস্থিতিতে পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে ডাটা এন্ট্রি করতে হবে। নম্বর অন-লাইনে Send করার পূর্বে পরীক্ষার্থীর নম্বর সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে নিতে হবে।

৬। ডাটা এন্ট্রি ও অন-লাইনে প্রেরণের পর প্রেরিত নম্বর পত্রের Print out নিতে হবে। মূল কপি এবং Print কপিতে বহিঃপরীক্ষক এবং অন্তঃপরীক্ষক নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। একই সাথে হাজিরাফর্দে প্রতি পৃষ্ঠার নির্ধারিত স্থানে বহিঃ ও অন্তঃ পরীক্ষক স্বাক্ষর করবেন। অনুপস্থিত পরীক্ষার্থীদের নম্বরপত্র এবং হাজিরাফর্দে অবশ্যই Absent লিখতে হবে। কোন অবস্থাতেই কোন ঘর খালি রাখা যাবে না।

৭। Print out এর একটি কপি বহিঃপরীক্ষক নিজে সংরক্ষণ করবেন এবং এক কপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষ সংরক্ষণ করবেন। টপসীট, নম্বরপত্রের মূল কপি এবং মূল হাজিরাফর্দ নির্ধারিত খামে ভরে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা এবং এক কপি Print out পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় পাঠাতে হবে। খামের উপরে মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম নম্বর, বিষয়, বিষয়কোড লিখতে হবে। হাজিরাফর্দের ০১টি ফটোকপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষের অফিসে সংরক্ষণ করতে হবে।

৮। তালিকায় নাম নাই এমন কোন পরীক্ষার্থীর মৌখিক/ব্যবহারিক ও মাঠকর্ম পরীক্ষা গ্রহণ করা যাবে না। যদি কোন বৈধ পরীক্ষার্থীর নাম Print out এ না থাকে তাহলে প্রয়োজনীয় কাগজ এবং প্রবেশপত্র সহ সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে ডাটায় নাম অন্তর্ভূক্ত করে নিতে হবে।

৯। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজ ছাড়া অন্য কলেজের পরীক্ষার্থী থাকলে পরীক্ষা গ্রহণ করে পৃথক নম্বরফর্দ ও হাজিরাফর্দ তৈরি করে পৃথক নামে নিয়মানুযায়ী পাঠাতে হবে। অন-লাইনে নম্বর প্রেরণের জন্য আওতাধীন কলেজের অধ্যক্ষের বরাবরে একটি কপি সীলগালা করে পাঠাতে হবে। সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে অন-লাইনে তাঁর কলেজের পরীক্ষার্থীদের নম্বর প্রেরণ করবেন।

১০। ডাটা প্রেরণের ক্ষেত্রে নিজ নিজ কলেজের পাসওয়ার্ড এর গোপনীয়তা রক্ষা করতে হবে। বিশ্ববিদ্যালয়ে প্রেরিত মূল নম্বরপত্র (হাতে এন্ট্রি) এবং অন-লাইনে এন্ট্রি করা নম্বরে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ দায়ী থাকবে।

১১। পরিসংখ্যান ব্যবহারিক বিষয়ের প্রশ্নপত্র বহিঃপরীক্ষকের অনুপস্থিতিতে খোলা যাবে না এবং সে অনুযায়ী অনুশীলন করা যাবে না।

১২। যেকোন সমস্যা হলে প্রয়োজনে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখার মোবাইল নং-০১৩১৩-০৫২৩৬৪, ০১৫৩১-৭২৮৫৩৪ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। ই-মেইল preliminary2masters@gmail.com

১৩। কলেজের মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা শেষ হলে ০৭ (সাত) দিনের মধ্যে নম্বরপত্রের মূলকপি ও অন-লাইনে প্রেরিত শিক্ষকগণের বিলের কপি সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

১৪। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বহিঃপরীক্ষকের মাধ্যমে পরীক্ষার্থীর মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা গ্রহণ করলে উক্ত নম্বরপত্র গ্রহণ করা হবে না এবং পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ করা হবে না।

## অনলাইনে আন্তঃপরীক্ষক ও বহিঃপরীক্ষকগনের বিল প্রেরণের নিয়মাবলী(শুধুমাত্র কেন্দ্রের জন্য)

- সফটওয়্যার এর মাধ্যমে Viva/practical Data Entry করার জন্য কলেজের নিজস্ব একটি Gmail Address থাকতে হবে। যেসব কলেজের Gmail Address রয়েছে সেটি দিয়েই Login করতে পারবেন। উল্লেখ্য, এখানে নতুন কোন User Name ও password প্রয়োজন নাই। Gmail এ Login করলে উক্ত সিস্টেমে প্রবেশ করা যাবে। অতঃপর Login করার জন্য বর্ণিতURL WebAddress: 103.113.200.36/PAMS/CollegeLogin.aspxব্যবহার করুন।
- Login করার পর মেনু অপশন থেকে Viva/practical Examiner Entry Option select করুন। তারপর Examiner এর তথ্যাবলী সংযুক্ত করতে হবে। Entry করার সময় কোন তথ্য ভুল হলে Delete পূর্বক পুনরায় সংযোজন করুন।
- Examiner এর তথ্য সন্নিবেশিত হওয়ার পর তা Confirm করতে হবে। Confirm করার পর কোন তথ্য পরিবর্তন করা যাবে না।
- সকল তথ্য Confirm করার পর Download Viva/practical Examiner List মেনু অপশন ব্যবহার পূর্বক Download করে প্রিন্টকপি অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন উপ-পরীক্ষা নিয়ন্ত্রক,প্রিলিমিনারী টু মাস্টার্স শাখায় প্রেরণ করতে হবে।
- বিল সংক্রান্ত যেকোন সমস্যার জন্য অর্থ ও হিসাব শাখায় ০১৮৭২-২১৫৯১৪ নম্বরে যোগাযোগ করুন।

বিঃদ্রঃ মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষার জন্য নম্বরপত্র ও বিল প্রেরণের পর কোন প্রকার সংশোধন, সংযোজন বা পরিবর্তন করা যাবে না।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন ঃ ০২-৯২৯১০১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

মোস্তাক আহমেদ
০৬/১২/২৪